

সংবাদপত্রের নাম: : দৈনিক স্বদেশ সংবাদ
প্রকাশনার স্থান : : ময়মনসিংহ
তারিখ : : ২০.০৮.২০২৩ খ্রি.

সংবাদ : :
সম্পাদকীয় : :
প্রবন্ধ/চিত্রপত্র : :

টেকসই উন্নয়ন নিশ্চিত কাজের গুণগত মান নিশ্চিত করতে হবে-মেয়র টিটু



গতকাল শনিবার সকালে নগরীর ১নং ওয়ার্ডে বিভিন্ন কাজের উদ্বোধন করেন মেয়র মোঃ ইকরামুল হক টিটু।

স্টাফ রিপোর্টার : ময়মনসিংহ সিটি কর্পোরেশন (মসিক) এর ১ নং ওয়ার্ডে প্রায় ১০ কোটি টাকার সড়ক ও ড্রেনের নির্মাণ কাজ উদ্বোধন করা হয়েছে। গতকাল শনিবার (১৯ আগস্ট) বেলা ১১ টায় উন্নয়ন কাজের উদ্বোধন করেন মেয়র মোঃ ইকরামুল হক টিটু। উদ্বোধনকালে মেয়র বলেন, টেকসই উন্নয়ন নিশ্চিত কাজের গুণগত মান নিশ্চিত করতে হবে।

এবং কাজগুলো দ্রুত শেষ করতে হবে। জনগণের অর্থে নির্মিত এসব সড়ক ও ড্রেন থেকে জনগণ বহুবছর যেন উপকার ভোগ করতে পারে সেটার নিশ্চয়তা রাখতে হবে। এ সময় মেয়র কাজের গুণগত মান নিশ্চিত মসিকের প্রকৌশলীদের দায়িত্বপূর্ণ ভূমিকা রাখতে নির্দেশ দেন। তিনি বলেন, কাজের মানের বিষয়ে কোন অভিযোগ প্রমাণিত হলে প্রকৌশলী

বা ঠিকাদার কাউকে ছাড় দেওয়া হবে না। এ সময় ০১ নং ওয়ার্ডের কাউন্সিলর মোঃ আসাদুজ্জামান বারু, ০২ নং ওয়ার্ডের কাউন্সিলর গোলাম রফিক দুদু, ৩০ নং ওয়ার্ডের কাউন্সিলর আবুল বাশার, ১, ২, ৩ সংরক্ষিত আসনের কাউন্সিলর সেলিনা আক্তার, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ জহুরুল হক, নির্বাহী প্রকৌশলী মোঃ মামুনুর রশীদ, স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ প্রমুখ উপস্থিত ছিলেন।

উদ্বোধনকৃত কাজের মধ্যে রয়েছে সড়ক ও ড্রেনের মোট দৈর্ঘ্য যথাক্রমে প্রায় সাড়ে ৬ কিলোমিটার ও ৪ কিলোমিটার। এসব কাজের মধ্যে রয়েছে ঢোলাদিয়া গলগভা স্কুল থেকে বেপারী বাড়ি, খাগডহর দুদক অফিস থেকে হীরা ডাক্তারের বাড়ি, তালতলা মাদ্রাসা থেকে মিন্টু সাহেবের বাড়ি, সালেহা মার্কেট থেকে বেড়ি বাঁধ, খাগডহর টাঙ্গাইল রোড থেকে মাঠপাড় বেড়ি বাঁধ, সুবেদার হাউজ থেকে গলগভা মসজিদ ও ঢোলাদিয়া এসপি হাউজ থেকে সিদ্দিক মিয়র বাড়ি পর্যন্ত সড়ক ও ড্রেন নির্মাণ সহ আরো প্রায় ৮ টি কাজ উদ্বোধন।



সংবাদপত্রের নাম: : দৈনিক স্বদেশ সংবাদ
প্রকাশনার স্থান : : ময়মনসিংহ
তারিখ : : ২০.০৮.২০২৩ খ্রি.

সংবাদ :
সম্পাদকীয় :
প্রবন্ধ/চিত্রিত্র :

ফুলবাড়িয়ায় খাদ্য বান্ধব কর্মসূচির ডিলার কাণ্ডে বিব্রত প্রশাসন



মো. আব্দুস ছাত্তার : খাদ্য বান্ধব কর্মসূচি পরিমাপের মেশিন আনা এবং নিয়ে অনিয়মের অভিযোগ ডিলারদের কার্ধারীদের পূর্ণ পরিমাপে চাল বিরুদ্ধে দীর্ঘদিনের। এবারের বরাদ্দের বিতরণ নিশ্চিত, নির্ধারিত সময়ের আগে ডিলারদের সতর্ক করা হলেও তারা পূর্বে চাল বিতরণের প্রয়োজন হলে তেয়াগা করেনি। গতকাল শনিবার তা মাইকিং করে সংশ্লিষ্ট সকলকে গোপন সংবাদের ভিত্তিতে সকাল ৮.৩০ জানাতে এবং খাদ্য নিয়ন্ত্রক মিনিটে দেওখোলা বাজারে বেলায়েত কর্মকর্তাকে অবহিত করার জন্য হোসেন নামক ডিলারের খাদ্য বান্ধব নির্দেশ দেন এবং পূর্বানুমতি ব্যতীত কর্মসূচির চাল বিতরণ সরেজমিনে চালের গুদাম (২য় পাতায়) পরিদর্শন করেন উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ নাহিদুল করিম। পরিদর্শনকালে তিনি চালের পরিমাপ না করা, চাল পরিমাপের মেশিনটি অকেজো, চাল বিতরণে নির্ধারিত সময়ের অনেক আগেই চাল বিতরণ, পূর্বানুমতি ব্যতিরেকে নিজ গুদামের বাইরে চাল রাখায় বিব্রতবোধ করেন তাৎক্ষণিকভাবে দ্রুত চাল

ফুলবাড়িয়ায় খাদ্য বান্ধব

(১ম পাতার পর) অন্যত্র সরানো যাবে না, নির্দেশনা অমান্য করা হলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মো. আতিকুর রহমান বলেন, ইতিমধ্যে বেশ কিছু ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আজ রবিবার অফিস খোলা হলে বাকী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। উপজেলা নির্বাহী অফিসার মোহাম্মদ নাহিদুল করিম জানান, নির্ধারিত সময়ের আগে চাল বিতরণ, চালের হিসাব না রাখা এবং পরিমাপ না করেই চাল বিতরণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তাকে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দেয়া হয়।